

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
পুলিশ হেডকোয়ার্টার্স  
রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-২ শাখা  
[www.police.gov.bd](http://www.police.gov.bd)

নথি নং-৪৪.০১.০০০০.০২৮.১১.০০৫.২৬- ১৪৪(৯)

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২  
৩০ মার্চ ২০২৬

বিষয় : ২০০৬ সালে নিয়োগের জন্য বাছাইকৃত ১২৩ জন পুলিশ সার্জেন্ট ও ২০৭ জন সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র) প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেফিতে ২০০৬ সালে নিয়োগের জন্য বাছাইকৃত ১২৩ জন পুলিশ সার্জেন্ট ও ২০৭ জন সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র) প্রার্থীদের আগামী ৩১/০৩/২০২৬ খ্রিঃ হতে ০৬/০৪/২০২৬ খ্রিঃ পর্যন্ত যেকোন দিন (শুক্রবার ব্যতীত) সময় সকাল ৬.৩০ ঘটিকায় স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করার নিমিত্ত আবশ্যিকীয় নির্দেশমালা প্রতিপালন সাপেক্ষে কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকায় খালি পেটে পুনঃ খালি পেটে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**আবশ্যিকীয় নির্দেশনাবলী:**

১. পরীক্ষা শুরু ৩০ মিনিট পূর্বে নির্ধারিত পরীক্ষার স্থানে উপস্থিত থাকতে হবে;
২. প্রার্থীকে তার চিকিৎসা ইতিবৃত্ত (Medical History) এবং সকল চিকিৎসাপত্র ও ডুকুমেন্টস সঙ্গে নিয়ে আসতে হবে;
৩. প্রার্থীকে অবশ্যই ২ (দুই) কপি রক্তিন ছবি (ছবির পিছনে প্রার্থীর লিখিত নামসহ) সঙ্গে নিয়ে আসতে হবে;
৪. প্রার্থীকে লিখিত ও মনস্তত্ত্ব পরীক্ষার প্রবেশপত্র এবং প্রবেশপত্রের ০১ টি সত্যায়িত ফটোকপি সঙ্গে নিয়ে আসতে হবে (যদি থাকে);
৫. প্রার্থীকে তার শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত ফটোকপি সঙ্গে নিয়ে আসতে হবে;
৬. প্রার্থীকে তার মূল এনআইডি কার্ড প্রদর্শন করতে হবে এবং এনআইডি কার্ডের ০১ টি সত্যায়িত ফটোকপি সঙ্গে নিয়ে আসতে হবে;
৭. প্রার্থীকে তার নাগরিক সনদপত্রের মূলকপি এবং ০১ টি সত্যায়িত ফটোকপি সঙ্গে নিয়ে আসতে হবে;
৮. প্রার্থীকে খালি পেটে কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকায় উপস্থিত হতে হবে;
৯. প্রার্থীকে স্বাস্থ্য পরীক্ষার প্রতিটি টেস্ট সম্পন্ন করতে হবে;
১০. প্রার্থীকে মেডিকেল টেস্টের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

Rubai  
৩০/৩/২০২৬

(আফরিদা রুবাই, পিপিএম)

বিপি-৮০০৬১২১৩৯৮

অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর জেনারেল (এআইজি)

পক্ষে/ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ

বাংলাদেশ

**কার্যার্থে-**

- ১। পরিচালক, কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা (মেডিক্যাল বোর্ডের মাধ্যমে স্বাস্থ্য পরীক্ষা সম্পাদনপূর্বক রিপোর্ট প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
- ২। ডিআইজি (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ময়মনসিংহ/সিলেট/রংপুর ও বরিশাল) রেঞ্জ। {তালিকায় উল্লেখিত প্রার্থীদের আগামী ৩১/০৩/২০২৬ খ্রিঃ হতে ০৬/০৪/২০২৬ খ্রিঃ পর্যন্ত যেকোন দিন (শুক্রবার ব্যতীত) সকাল ৬.৩০ ঘটিকায় কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকায় উপস্থিত থাকার বিষয়টি অবগত করণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।